

# বিভিন্ন বয়সে ডিসলেক্সিয়ার লক্ষণসমূহ

রচনায় Understood টিম

শেখার পার্থক্য সম্পর্কে শিক্ষক এবং পরিবারবর্গকে, বিশেষজ্ঞ-পরীক্ষিত, প্রমাণ-ভিত্তিক সংস্থানগুলি প্রদান করতে আমরা Understood.org এর সাথে অংশীদারিত্ব করেছি।

বহু মানুষের জানা আছে যে **ডিসলেক্সিয়া** হল পাঠের ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া। কিন্তু এটি এর চেয়েও বেশি কিছু। ডিসলেক্সিয়া হল ভাষা সংক্রান্ত একটি চ্যালেঞ্জ। যা এর লক্ষণগুলো বুঝতে পারাকে কঠিন করে তুলতে পারে। উদাহরণস্বরূপ, ছন্দ মেলাতে অসুবিধা হওয়া পাঠের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হওয়ার একটি লক্ষণ হতে পারে।

এছাড়াও ডিসলেক্সিয়ার ফলে বানান করতে, **কথা বলতে** এবং লিখতে অসুবিধা হতে পারে। তাই লক্ষণগুলো শুধু পাঠের ক্ষেত্রে নয় বরং কয়েকটি ক্ষেত্রে দেখা দিতে পারে।

ডিসলেক্সিয়ায় আক্রান্ত ব্যক্তির সবাই একই রকমের অসুবিধার সম্মুখীন হন না। কিছু ব্যক্তি প্রাথমিক পর্যায়ের পাঠের দক্ষতা যেমন শব্দ উচ্চারণ করার (ডিকোডিং) ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হন। কিছু ব্যক্তি শব্দ ও বাক্য ঠিকমত পড়তে পারেন, কিন্তু তারা কী পড়ছেন সেটা বুঝতে অসুবিধার সম্মুখীন হন।

এছাড়াও শিশুদের বয়স বাড়ার সাথে সাথে ডিসলেক্সিয়ার ভিন্ন রূপ দেখা যেতে পারে। বিভিন্ন বয়সে ডিসলেক্সিয়ার সাধারণ লক্ষণসমূহ এবং কীভাবে সাহায্য করতে হবে সে সম্পর্কে জানুন।

## এই নিবন্ধ নিয়ে একটি ভিডিও দেখুন

এই নিবন্ধের শব্দ করে পাঠ করা একটি সংস্করণ পেতে চান? [এই ভিডিওটি](#) দেখুন।

## প্রি-স্কুলের শিশুদের মধ্যে ডিসলেক্সিয়ার লক্ষণসমূহ

- শব্দ ভুলভাবে উচ্চারণ করা, যেমন কমলার পরিবর্তে কলমা বলা
- পরিচিত জিনিসের নাম বলতে অসুবিধা হওয়া এবং তার পরিবর্তে জিনিস ও বস্তু ইত্যাদি সাধারণ শব্দ ব্যবহার করা
- নার্সারির ছড়া বা গানের সুর শিখতে অসুবিধা হওয়া
- ক্রম মনে রাখার অসুবিধা, যেমন বর্ণমালার বর্ণগুলো গানের সুরে বলা
- অসংলগ্ন গল্প বলা অথবা কোনো ঘটনা সম্পর্কে যৌক্তিক ক্রম বজায় রেখে কথা বলতে অসুবিধা হওয়া
- একাধিক ধাপবিশিষ্ট নির্দেশনা মনে রাখতে এবং অনুসরণ করতে অসুবিধা হওয়া

## গ্রেড K-2 এ ডিসলেক্সিয়ার লক্ষণসমূহ

- বর্ণের নাম শিখতে এবং সেগুলোর উচ্চারণ মনে রাখতে অসুবিধা হওয়া
- প্রায় ক্ষেত্রেই দেখতে একই রকম মনে হওয়া বর্ণগুলো (যেমন ট, চ এবং ঢ) অথবা শুনতে একই রকম মনে হওয়া বর্ণগুলোর (যেমন ব ও ভ, র ও ড) মধ্যে গুলিয়ে ফেলা
- পরিচিত শব্দ পড়তে সমস্যা হওয়া (যেমন বিড়াল), বিশেষ করে যদি কোনো ছবি না থাকে
- আওয়াজ করে পড়ার সময় এক শব্দের পরিবর্তে অন্য শব্দ ব্যবহার করা, যেমন গল্পে যেখানে বাসা বলা হয়েছে সেখানে বাড়ি বলা
- শব্দের মধ্যে স্বতন্ত্র ধ্বনিগুলো আলাদা করতে এবং ধ্বনিগুলো একসঙ্গে মিলিয়ে শব্দ তৈরি করতে সমস্যা হওয়া
- শব্দের বানান মনে রাখতে এবং লেখার সময় বানানের নিয়ম প্রয়োগ করতে অসুবিধা হওয়া

## গ্রেড 3-5 এ ডিসলেক্সিয়ার লক্ষণসমূহ

- আওয়াজ করে পড়ার সময় ছোটখাট শব্দ যেমন জন্য এবং থেকে ইত্যাদি গুলিয়ে ফেলা অথবা বাদ দিয়ে যাওয়া
- নতুন শব্দ উচ্চারণ করতে সমস্যা হওয়া
- সাধারণভাবে দেখা যায় এমন শব্দগুলো (যেগুলোকে একনজরে দেখে চিনতে পারা শব্দও বলা হয়) দ্রুত চিনে নিতে সমস্যা হওয়া
- কোনো গল্পের মধ্যে কী ঘটেছে তা ব্যাখ্যা করতে অথবা গুরুত্বপূর্ণ বিবরণ সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে হিমশিম খাওয়া
- ঘন ঘন একই ধরনের ভুল করা, যেমন বর্ণ উল্টে ফেলা/বর্ণবিপর্যয়
- বানানের দুর্বলতা, যেমন একই অনুশীলনীর মধ্যে একই শব্দ কখনো সঠিকভাবে এবং কখনো ভুলভাবে বানান করা
- পাঠ করা যথাসম্ভব এড়িয়ে চলা অথবা পাঠ করার সময় হতাশ বা বিষণ্ণ হয়ে পড়া

# কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে ডিসলেক্সিয়ার লক্ষণসমূহ

- আওয়াজ করে পড়ার সময় ধীর গতিতে পড়া অথবা ছোটখাট শব্দ এবং বড় শব্দের অংশবিশেষ বাদ দিয়ে যাওয়া
- সাধারণ শব্দসংক্ষেপ, যেমন সোশ্যাল মিডিয়ায় ব্যবহৃত হয় এমন শব্দসংক্ষেপ মনে রাখতে সমস্যা হওয়া
- প্রায় ক্ষেত্রেই শব্দ খুঁজতে থাকা অথবা এক শব্দের বদলে অন্য শব্দ ব্যবহার করা যেমন *বেড়ার* পরিবর্তে *গেট*
- প্রায় ক্ষেত্রেই কৌতুক “বুঝতে” না পারা অথবা বাগধারা ও শ্লেষ বুঝতে সমস্যা হওয়া
- পাঠের অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে অনেক লম্বা সময় লেগে যাওয়া
- এক পৃষ্ঠা লেখা পড়ে শোনানো হলে সেটি সম্পর্কে প্রশ্নের উত্তর দেওয়া সহজ মনে হওয়া

এসব চ্যালেঞ্জের সম্মুখীন হওয়াটা শিশু ও প্রাপ্তবয়স্কদের জন্য কষ্টকর হতে পারে। তাদের মনে হতে পারে তারা বুদ্ধিমান নন কারণ বেশিরভাগ মানুষের যেখানে সমস্যা হচ্ছে না সেখানে তাদের সমস্যা হচ্ছে। কিন্তু কোনো ব্যক্তির পাঠের ক্ষেত্রে সমস্যা হওয়ার অর্থ এই নয় যে তিনি বুদ্ধিমান নন। এটি **ডিসলেক্সিয়া সম্পর্কিত অনেকগুলো প্রচলিত ধারণার মধ্যে একটি**।

পাঠের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তির প্রায় ক্ষেত্রেই মনে করেন যে তারাই কেবল এমন অসুবিধার সম্মুখীন হচ্ছেন। কিন্তু ডিসলেক্সিয়া শিক্ষার ক্ষেত্রে খুব প্রচলিত একটি পার্থক্য এবং অনেক শিশু ও প্রাপ্তবয়স্ক ব্যক্তির পড়তে শেখার জন্য বাড়তি সাহায্য প্রয়োজন হয়। সুখবর হলো **পাঠের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তিদের শেখানোর উপায় রয়েছে**, এবং দক্ষতার উন্নয়ন করা যায়।

যদি আপনার মনে হয় যে আপনার সন্তানের ডিসলেক্সিয়া রয়েছে, তাহলে **স্কুলগামী বয়সের শিশুদের জন্য করণীয় পরবর্তী পদক্ষেপগুলো এখানে দেওয়া হল**। এবং যদি আপনার মনে হয় যে *আপনার* ডিসলেক্সিয়া থাকতে পারে, তাহলে **প্রাপ্তবয়স্কদের জন্য করণীয় পরবর্তী পদক্ষেপগুলো এখানে দেওয়া হয়েছে**।

## লেখক

**Understood টিম** উৎসাহী লেখক ও সম্পাদকদের নিয়ে গঠিত। তাদের মধ্যে অনেকের এমন সন্তান রয়েছে যারা ভিন্নভাবে শেখে ও চিন্তা করে।

## পর্যালোচক

**মারজি বি. গিলিস, EdD, Literacy How** (লিটারেসি হাউ)-এর প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট, যেটি শ্রেণিকক্ষে গবেষণা ভিত্তিক পাঠ অনুশীলন সম্পর্কে শিক্ষকদের পেশাগত উন্নয়নের সুযোগ প্রদান করে।